**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20-06-24** **Desk in Charge :**
**Time : 7-50 PM** **Compiling :**
**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা ভোটের পর রাজ্য প্রশাসনের শীর্ষ স্তরে আবারো কিছু রদবদল করা হল।

২/ দেবাশিস কুমার, রাজ্য বিধানসভায় নতুন উপ মুখ্য সচেতক হয়েছেন।

৩/ সরকারি খাস জমি দখল বা দীর্ঘদিন ধরে ফাঁকা ফেলে রাখা যাবে না বলে মুখ্যমন্ত্রী এক প্রশাসনিক বৈঠকে আজ আবারো নির্দেশ দিয়েছেন।

# জরুরী ভিত্তিতে, বিভিন্ন দপ্তরের হাতে থাকা সব ধরনের জমির তথ্য সংগ্রহের সিদ্ধান্ত।

৪/ কলকাতা রাজভবনে আজ পশ্চিমবঙ্গ দিবস পালন করা হয়।

৫/ দক্ষিণবঙ্গে আর দু-তিনদিনের মধ্যেই বর্ষা আসতে চলেছে।

# কলকাতা সহ বিভিন্ন জেলায় ইতিমধ্যেই শুরু হয়েছে প্রাক-বর্ষার বৃষ্টি।

# বজ্রাঘাতে মৃত্যু দু-জনের।

************************************************************

লোকসভা ভোটের পর রাজ্য প্রশাসনের শীর্ষ স্তরে ফের কিছু রদবদল করা হল। বীরভূমের জেলাশাসক পদে বিধান চন্দ্র রায়কে ফিরিয়ে আনা হয়েছে। ভোট পর্বে তাঁকে সরিয়ে আইএস আধিকারিক শশাঙ্ক শেঠিকে ওই জেলার জেলা শাসক নিযুক্ত করে নির্বাচন কমিশন। আজ এক বিজ্ঞপ্তি জারি করে রাজ্য সরকার বিধান রায় কে ওই পদে ফিরিয়ে এনেছে। শশাঙ্ক শেঠিকে করা হয়েছে পর্যটন উন্নয়ন নিগমের এম ডি।

পুলিশ প্রশাসনের শীর্ষ স্তরেও আজ কিছু রদবদল করা হয়েছে। তিন জেলার পুলিশ সুপার বদল হয়েছেন। সুন্দরবন পুলিশ জেলার নতুন সুপার হয়েছেন কোটেশ্বর রাও। পুরুলিয়ার নতুন সুপার হয়েছেন অভিজিৎ ব্যানার্জি। পশ্চিম মেদিনীপুরের নতুন সুপার ধৃতিমান সরকার। মুকেশকে বিধান নগর পুলিশ কমিশনারেটের পুলিশ কমিশনার পদে আনা হয়েছে। ওই পদে থাকা গৌরব শর্মাকে রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্সের আই জি পদে নিয়োগ করা হয়েছে।

*****************

দেবাশিস কুমার, রাজ্য বিধানসভায় নতুন উপ মুখ্য সচেতক হচ্ছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুমতিক্রমে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ তৃণমূল কংগ্রেস বিধায়ক দেবাশিস কুমারকে, ওই দায়িত্ব দেন। তিনি প্রাক্তন বিধায়ক তাপস রায়ের স্থলাভিষিক্ত হবেন।

উল্লেখ্য, তাপস রায় লোকসভা ভোটের আগে বিজেপিতে যোগ দেন। বরানগর বিধানসভা উপনির্বাচনে তিনি বিজেপির প্রার্থী হন।

*****************

উত্তর ২৪ পরগণার বাগদা বিধানসভা আসনের উপনির্বাচনে, আজ মনোনয়ন জমা দেন, বামফ্রন্ট সমর্থিত ফরোয়ার্ড ব্লক প্রার্থী গৌর বিশ্বাস এবং জাতীয় কংগ্রেস প্রার্থী অশোক কুমার হালদার।

রাণাঘাট দক্ষিণ বিধানসভা কেন্দ্রের জন্য তৃণমূল কংগ্রেসের মুকুটমণি অধিকারী আজ প্রার্থীপদ দাখিল করেন।

উল্লেখ্য, বাগদা, রাণাঘাট দক্ষিণ, রায়গঞ্জ ও মানিকতলা- এই চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১০ ই জুলাই।

*****************

কোচবিহারে বিজেপি পরিচালিত অন্দরণ ফুলবাড়ি দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের আরও তিন বিজেপি সদস্য আজ তৃণমুল কংগ্রেসে যোগদান করলেন। এর ফলে শাসক দল কার্যত এই পঞ্চায়েতের দখল নিল।

১২ আসনের এই গ্রাম পঞ্চায়েতে এতদিন ৯'টি ছিল বিজেপি ও ৩ টি তৃণমূল কংগ্রেসের দখলে। এর আগে উপপ্রধান সহ দুই বিজেপি সদস্য'ও তৃণমূলে যোগ দেন। ফলে বর্তমানে এই গ্রাম পঞ্চায়েতে তৃণমূলের সদস্য সংখ্যা দাঁড়ালো-৮ এবং বিজেপির-চার।

*****************

রাজ্য সরকার জরুরী ভিত্তিতে, বিভিন্ন দপ্তরের হাতে থাকা সব ধরনের জমির তথ্য সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা সব জেলাশাসক ও বিভিন্ন দপ্তরের সচিবদের দ্রুত এই তথ্য সংগ্রহ করে আগামীকালের মধ্যে তা' পাঠানোর নির্দেশ দিয়েছেন। হার্ড কপি হিসেবে অথবা আন্ডারসেক্রেটারির ই-মেইল মারফত ওই তথ্য পাঠাতে হবে।

এদিকে, সরকারি খাস জমি দখল বা দীর্ঘদিন ধরে ফাঁকা ফেলে রাখা যাবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ আবারো নির্দেশ দিয়েছেন। নবান্নে এক প্রশাসনিক বৈঠকে, মুখ্যমন্ত্রী'ও দ্রুত এ'সংক্রান্ত সর্বশেষ তথ্য পেশ করার নির্দেশ দেন।

হলং বনবাংলোয় অগ্নিকান্ডে অসন্তোষ প্রকাশ করে কিভাবে এই ঘটনা ঘটলো, বন দপ্তরের সচিবের কাছে তিনি তা' জানতে চান।

পথশ্রী প্রকল্পে রাস্তা তৈরি এবং বিভিন্ন পুরসভা ও পুরনিগমে রাস্তা, পানীয় জল ও নিকাশী সংক্রান্ত পরিষেবা নাগরিকরা ঠিকঠাক পাচ্ছেন না, এই ধরনের অভিযোগ নিয়েও মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেন। এই নিয়ে সব পুরনিগমের মেয়র

ও পুরসভার চেয়ারম্যানদের আগামী সোমবার তিনি নবান্ন সভাঘরে এক বৈঠকে ডেকেছেন।

আজকের বৈঠকে, বিভিন্ন সরকারি দপ্তরে বিদ্যুৎ খরচ কমানো এবং সরকারি ও আধা সরকারি অফিসগুলিতে এসি ব্যবহারের ওপর রাশ টানার জন্য মুখ্যমন্ত্রী আধিকারিকদের নির্দেশ দেন।

****************

রাজ্য সরকার গাড়ীর ধোঁয়া পরীক্ষার খরচ বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। পরিবহন দপ্তরের প্রস্তাব মেনে ইতিমধ্যেই এব্যাপারে অর্থ দপ্তরের ছাড়পত্র মিলেছে। নতুন তালিকা অনুযায়ী চার চাকার গাড়ির ক্ষেত্রে এই খরচ ১০০ টাকা থেকে বেড়ে হচ্ছে দেড়শ টাকা। তিন চাকার ক্ষেত্রে তা' ১২০ এবং বাইক ও স্কুটির ক্ষেত্রে ৯০ টাকা ধার্য্য করা হয়েছে। পণ্যবাহী গাড়ির ক্ষেত্রে GST সহ এই খরচ দ্বিগুণ হচ্ছে। উল্লেখ্য, এই খরচের অর্ধেক রাজস্ব হিসাবে পরিবহন দপ্তর এবং বাকিটা ধোঁয়া পরীক্ষা কেন্দ্র পাবে। এর আগে গাড়ির ধোঁয়া পরীক্ষার কোন রাজস্বই পরিবহন দপ্তর পেত না।

****************

প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন। প্রায় ৪০ মিনিট নবান্নে তাঁদের মধ্যে বৈঠক হয় বলে সূত্রের খবর। আজ'ই কলকাতায় এসেছেন প্রাক্তন অর্থমন্ত্রী। তার ফাঁকেই তিনি নবান্নে আসেন। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু জানানো হয়নি।
তবে সূত্রের খবর, বিরোধী INDIA জোটের ভবিষ্যত কর্মপন্থা দু'পক্ষের মধ্যে আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে। বিশেষ করে সংসদের আসন্ন অধিবেশনের আগে এই বৈঠক তাৎপর্যপূর্ণ।

****************

কলকাতা রাজভবনে আজ পশ্চিমবঙ্গ দিবস পালন করা হয়। এই নিয়ে দ্বিতীয়বার এই দিনটি পালিত হল। অনুষ্ঠানে রাজ্যপাল সিভি আনন্দ বোস এক ভিডিও বার্তায় রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে জাতীয় সঙ্গীতের পর রাজ্য সঙ্গীত "বাংলার মাটি বাংলার জল" বাজানো হয়।

এদিকে, বিজেপি'ও আজ পশ্চিমবঙ্গ দিবস উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মেয়ো রোডে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। বিধানসভাতেও তিনি ও আরো কয়েক জন বিধায়ক, শ্যামাপ্রসাদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

পরে সাংবাদিকদের বিরোধী দলনেতা বলেন, ১৯৪৭ সালে পশ্চিমবঙ্গ দিবস নিয়ে ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় আনা প্রস্তাবের পক্ষে যে ৫৮ জন সদস্য ভোট দিয়েছিলেন, তাঁদের মধ্যে ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু'ও । তিনি আরো বলেন, কোন ব্যক্তি তার ইচ্ছে অনুযায়ী অথবা সংখ্যাগরিষ্ঠতা ও প্রশাসনিক ক্ষমতার জোরে যেকোনো কিছুই করতে পারেন। তবে এই ইতিহাস বদল করা যাবে না।

উল্লেখ্য, কেন্দ্র বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস হিসেবে পালন করলেও, রাজ্য সরকার তা' পালন করে পয়লা বৈশাখ।

*****************

ঔপনিবেশিক আমলে চালু হওয়া ভারতীয় দন্ড বিধি, ভারতীয় সাক্ষ্য আইন এবং ফৌজদারি কার্যবিধি, যা ১৯৭৩ সালে সংশোধিত হয়ে ক্রিমিনাল procedure কোড হিসেবে পরিচিত হয়ে আসছে, এগুলো সব বাতিল হয়ে আগামী পয়লা জুলাই থেকে চালু হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এবং ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা। দেশের মানুষকে দ্রুত, নির্দিষ্ট সময়সীমার মধ্যে নির্ভুল বিচার দেওয়াই এই তিনটি আইনের লক্ষ্য বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

ভারতীয় ন্যায় সংহিতা BNS নিয়ে আকাশবানী কলকাতার সংবাদ বিভাগ একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে আগামীকাল (২১/৬/২৪) রাত ৯'টা ৪৫-এ। এতে কলকাতা হাইকোর্টের আইনজীবী তথা ভারত সরকারের ডেপুটি সলিসিটর জেনেরাল ধীরাজ কুমার ত্রিবেদীর সঙ্গে কথা বলবেন শঙ্কর মুখোপাধ্যায়।

আলোচনা অনুষ্ঠানটি একযোগে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলি, ১০৭ মেগাহার্টজ এবং DTH প্রচার তরঙ্গে শোনা যাবে।

*****************

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু উত্তরবঙ্গে আরো কিছুটা অগ্রসর হয়ে দুই দিনাজপুর এবং মালদার অধিকাংশ এলাকায় পৌঁছেছে। এর ফলে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টি হচ্ছে। অন্যদিকে, পূর্ব বিহারের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করছে। এর ফলে দক্ষিণবঙ্গের কিছু অংশেও বর্ষার অনুকূল পরিস্থিতি তৈরী হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন-

(বাইট- ওয়েদার হাবিবুর )

কলকাতা, হাওড়া, দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পূর্ব বর্ধমান, হুগলী, নদীয়া ও পুরুলিয়া সহ বিভিন্ন জেলায় শুরু হয়েছে বজ্রবিদ্যুৎ সহ প্রাক বর্ষার বৃষ্টি। অসহ্য গরমের হাত থেকে মিলেছে কিছুটা স্বস্তি। উপকূলবর্তী এলাকায় বইছে ঝোড়ো হাওয়া।

এদিকে, আজ দুপুরে বৃষ্টির সময় দুই জেলায় বজ্রাঘাতে দুজনের মৃত্যু হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এর তালাদির শিবনগরে ফুটবল খেলার সময় মাঠে বাজ পড়লে এক কিশোর গুরুতর আহত হয়। সাফিক মোল্লা নামে ১৬ বছরের ওই কিশোরকে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘষণা করা হয়। এদিকে, পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনার বারুনি গ্রামে, জমিতে চাষ করার সময় বাজ পড়ে চঞ্চল দাস নামে এক কৃষক প্রাণ হারান।

*****************

রাঙাপানিতে, ডাউন আগরতলা–কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় রেল পুলিশের ছ'সদস্যের বিশেষ তদন্তকারী দল, অনুসন্ধানের কাজ শুরু করেছে। এক যাত্রীর দায়ের করা অভিযোগের ভিত্তিতে GRP, ওই সিট গঠন করে।

এদিকে, দুর্ঘটনায় প্রাণ হারানো পূর্ব বর্ধমানের গুসকরার বাসিন্দা বিউটি বেগমের পরিবারকে আজ আর্থিক সহায়তা তুলে দেয় রেল।

উত্তর দিনাজপুরের গোয়ালপোখড়ের **অর্জুন রামের** পরিবারের সঙ্গে আজ দেখা করেন রায়গঞ্জের **বিজেপি সাংসদ** কার্তিক চন্দ্র পাল।

*****************

আগামীকাল আন্তর্জাতিক যোগ দিবস। বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে ভারতেও নানা কর্মসূচির মধ্য দিয়ে এই দিনটি উদযাপন করা হবে।

এই রাজ্যেও স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও সরকারি-বেসরকরি দপ্তরে যোগ দিবস উপলক্ষ্যে যোগাসনের আয়োজন করা হচ্ছে। শারীরিক ও মানসিক সুস্থতার জন্য যোগের প্রয়োজনীয়তার উপর বহু স্থানে আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে।

*****************************************************************